



নম্বর: ৮০.০০.০০০০.২০০.৫৬.০০৫.২১- ১০৬

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১


প্রেস বিজ্ঞপ্তি

৪২তম বি.সি.এস. [বিশেষ] পরীক্ষা-২০২০ এর প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ২৬.০২.২০২১ তারিখে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষায় [MCQ Type] বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগসহ পরীক্ষা হলে প্রবেশ করা নিষেধ এবং শান্তিযোগ্য অপরাধ মর্মে নিম্নবর্ণিত বিষয়গুলো ইত:পূর্বে পরীক্ষার্থীদেরকে জানিয়ে দেয়া হয়েছে:

- পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা, ব্রেসলেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ সামগ্রীসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না।
- পরীক্ষা হলের পেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তদাশির মধ্য দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।
- পরীক্ষার দিন উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী সাথে না আনার জন্য সকল পরীক্ষার্থীর মোবাইল ফোনে এস.এম.এস. প্রেরণ করা হবে। এস.এম.এস. বার্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।
- পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পূর্বাধিক কর্ম কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

২. পরীক্ষার হলে কোন পরীক্ষার্থীর নিকট বর্ণিত নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্তসহ বাংলাদেশ সিভিল সার্ভিস (বেয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা ২০১৪-এর বিধি ভঙ্গের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিলসহ ভবিষ্যতে কর্ম কমিশন কর্তৃক গৃহীতব্য সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৩. ২৬.০২.২০২১ তারিখে অনুষ্ঠেয় ৪২তম বি.সি.এস. [বিশেষ] পরীক্ষা-২০২০ এর লিখিত পরীক্ষার [MCQ Type] দিন বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগ না আনার জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষার্থীকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংশ্লিষ্ট সবার সহযোগিতা প্রত্যাশা করছে।



নূর আহম্মদ
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]

নম্বর: ৮০.০০.০০০০.২০০.৫৬.০০৫.২১- ১০৬

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর [পি.আই.ডি], ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে]
- মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
- বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো]
- বার্তা সম্পাদক,
[বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো]
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
[প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো]
- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
[প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]


নূর আহম্মদ
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]
ফোন: ৫৫০০৬৬৪৪
ফ্যাক্স: ৫৫০০৬৬৫৩